

আজি এ ভারত লজ্জিত হে,
হীনতাপক্ষে মজ্জিত হে ॥

নাহি পৌরুষ, নাহি বিচারণা, কঠিন তপস্যা, সত্যসাধনা -
অন্তরে বাহিরে ধর্মে কর্মে সকলই ব্রহ্মবিবর্জিত হে ॥
ধিক্কৃত লাঞ্ছিত পৃথ্বী 'পরে, ধূলিবিলুণ্ঠিত সুপ্তিভরে -
রুদ্র, তোমার নিদারুণ বজ্রে করো তারে সহসা তর্জিত হে ॥
পর্বতে প্রান্তরে নগরে গ্রামে জাগ্রত ভারত ব্রহ্মের নামে,
পুণ্যে বীর্যে অভয়ে অমৃতে হইবে পলকে সজ্জিত হে ॥

Parjaay: Swadesh, Taal: Tritaal, Raag: Bhupali

Visit www.geetabitan.com for notation and other detail